নিখোঁজের ১২ ঘন্টা পর গাংনীতে শিশুর মরদেহ উদ্ধার

পুকুরে নিখোঁজের ১২ ঘন্টা পর সাব্বির হোসেন (১২) নামের এক শিশুর মরদেহ উদ্ধার করা হয়েছে। নিহত সাব্বির হোসেন গাংনী উপজেলার জোড়পুকুরিয়া গ্রামের জাহিদ হোসেন ও সৌদি প্রবাসী শাবানা খাতুনের ছেলে।

আজ রবিবার দুপুর তিনটার দিকে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় পুকুরের সিড়ির নিছ থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। পুকুরের সিড়ির নিচে আটকে তার মৃত্যু হয়ে থাকতে পারে বলে প্রাথমিকভাবে ধারণা করছে পরিবারের লোকজন।

জাহিদ হোসেন জানান, গতকাল শনিবার দুপুরে ছোট ভাই ও বন্ধুদের সাথে স্কুলের পুকুরে গোসল করতে যায় সাব্বির। খেলতে গিয়ে অসাবধানতা বসত পুকুরের সিড়ির নিচে আটকে পড়ে শিশুটি। সবাই পুকুর থেকে উঠে পড়লেও সাব্বিরকে খুজে পাওয়া যাচ্ছিলনা।

বিষয়টি তার বন্ধুদের নজরে ছিল না। গোসল শেষে তারা বাড়ি ফিরলেও সাব্বির বাড়ি ফেরেনি। তখন থেকে খোঁজাখুজি শুরু হয়। এক পর্যায়ে তার পিতার সন্দেহ হলে আজ রবিবার দুপুরের দিকে তিনি ওই পুকুরে গিয়ে ছেলের খোঁজ করতে থাকেন। এসময় সিড়ির নিচে আটকে থাকা সাব্বিরের মরদেহ উদ্ধার করেন তিনি।
গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এতথ্য নিশ্চিত করেন।